IEDCR

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ১৭ তারিখ: ১৯ জুলাই ২০১৭ বুধবার

সর্বশেষ পরিস্থিতি

৯ এপ্রিল হতে ১৯ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৭৫০ জন।

আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা প্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আই্ইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (১৯/০৭/১৭ পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (১৯/০৭/১৭ পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৮	৪
জয়পুরহাট	১	০
বরিশাল	২	০
গোপালগঞ্জ	৯	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৪	১০
মুন্সীগঞ্জ	১১	১
নারায়নগঞ্জ	৩	০
গাজীপুর	৪	২
নেত্রকোনা	২	০
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	৭	০
রাজশাহী	১	১
সর্বমোট	৮৭	**২৪****

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের ঢাকা মহানগরে ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোষ্টচিকুনগুনিয়া আর্থ্রাইটিস এ আক্রান্ত।

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের তৎপরতা

গতকাল ১৮ জুলাই ঢাকা উত্তর সিটি কর্পোরেশন মশক নিয়ন্ত্রণ সভা প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এডিস মশা নিয়ন্ত্রণে কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন গত ১১ জুলাই মশক নিয়ন্ত্রণের জন্য পরামর্শ সভা অনুষ্ঠান করে।

আইইডিসিআর-এ ঝুঁকি বিষয়ে গণসংযোগ পরামর্শ সভা

আজ ১৯ জুলাই স্বাস্থ্য অধিদপ্তরের ঊর্ধতন কর্মকর্তাদের নিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের বিশেষজ্ঞের ঝুঁকি বিষয়ে গণসংযোগ (Risk Communication) পরামর্শ সভা আইইডিসিআর-এ অনুষ্ঠিত হয়। আগামীকাল দুটো পরার্মশ সভা অনুষ্ঠিত হবে। (১) সকল সরকারী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকদের নিয়ে (২) সাংবাদিকদের নিয়ে

আইইডিসিআর-এ ঝুঁকি বিষয়ে পরামর্শ সভা

এডিস মশা নিয়ন্ত্রণে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সভা

ঢাকা উত্তর সিটিতে ৩০টি এনজিও সচেতনতা কর্মসূচি নিয়েছে

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন